

## দুর্নীতি বিষয়ক অনুসন্ধানী সাংবাদিকতা পুরস্কার ২০১০



ট্রান্সপারেন্সি  
ইন্টারন্যাশনাল  
বাংলাদেশ

দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) সংবাদপত্র এবং টিভি চ্যানেল - এ দু'টি মাধ্যমে দুর্নীতি বিষয়ে অনুসন্ধানী সাংবাদিকতার ক্ষেত্রে পুরস্কার প্রদানের জন্য প্রতিবেদন আহ্বান করছে। বিজয়ীদের পুরস্কার হিসেবে ৬০,০০০ (ষাট হাজার) টাকা, ক্রেস্ট ও সম্মাননা পত্র দেওয়া হবে। ২০১০ সালে নিবন্ধিত তিনটি শ্রেণীতে অনুসন্ধানী প্রতিবেদনের জন্য পুরস্কার প্রদান করা হবে :

- **জাতীয় সংবাদপত্রের ক্ষেত্রে :** রাজধানী ঢাকা থেকে যে কোন বাংলা ও ইংরেজী দৈনিক সংবাদপত্র এবং সাময়িকীতে প্রকাশিত প্রতিবেদন;
- **আঞ্চলিক সংবাদপত্রের ক্ষেত্রে :** রাজধানী ঢাকা ব্যতীত দেশের যে কোন অঞ্চলের বাংলা ও ইংরেজী দৈনিক সংবাদপত্র এবং সাময়িকীতে প্রকাশিত প্রতিবেদন;
- **টেলিভিশনের ক্ষেত্রে :** বিটিভি ও দেশীয় মালিকানাধীন বেসরকারি চ্যানেলসমূহে প্রচারিত প্রতিবেদন।

### নিয়মাবলী:

- ১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর ২০০৯ - এই সময়ের মধ্যে দেশের যে কোন বাংলা ও ইংরেজী দৈনিক সংবাদপত্র / সাময়িকী কিংবা টিভি চ্যানেলে প্রকাশিত / প্রচারিত প্রতিবেদনসমূহ এই প্রতিযোগিতায় অন্তর্ভুক্ত হতে পারবে।
- প্রতিবেদনের মূল কপি [advocacy@ti-bangladesh.org](mailto:advocacy@ti-bangladesh.org) এ ই-মেইল ঠিকানায় প্রেরণ করতে হবে। তবে প্রতিবেদন ডাকযোগেও প্রেরণ করা যাবে। ফটোকপি গ্রহণযোগ্য নয়।
- সিরিজ প্রতিবেদন ব্যতীত একজন অংশগ্রহণকারী একের অধিক প্রতিবেদন জমা দিতে পারবেন না।
- টিভি প্রতিবেদন সিডিতে রূপান্তর করে পূর্ণাঙ্গ স্ক্রিপ্টসহ জমা দিতে হবে। এক্ষেত্রে দুর্নীতি বিষয়ক অনুসন্ধানী টিভি ফিচারও অন্তর্ভুক্ত হতে পারবে।
- অংশগ্রহণকারীদের যোগাযোগের ঠিকানা এবং টেলিফোন নম্বরসহ প্রতিবেদন জমা দিতে হবে। খামের উপরে 'অনুসন্ধানী সাংবাদিকতা পুরস্কার' কথাটি উল্লেখ করতে হবে।

প্রাতিষ্ঠানিক ও পদ্ধতিগত দুর্নীতি উন্মোচনে সাফল্যের মাপকাঠিতে প্রতিবেদনগুলো মূল্যায়ণ করা হবে। এক্ষেত্রে প্রকাশিত তথ্যের বিষয়, গুরুত্ব, গভীরতা, পরিবেশনের ধরন ও মান এবং দুর্নীতি প্রতিরোধে সম্ভাব্য প্রভাব - এ বিষয়গুলো বিবেচনা করা হবে। টিআইবি বোর্ড কর্তৃক মনোনীত বিচারকমন্ডলী প্রতিবেদনগুলো মূল্যায়ণ করবেন এবং এ ব্যাপারে তাঁদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। প্রত্যেক বিচারক পৃথকভাবে প্রতিটি প্রতিবেদন যাচাইয়ের পর সর্বোচ্চ গড় নম্বরের ভিত্তিতে বিচারকমন্ডলীর সভায় বিজয়ী নির্ধারিত হবে। পুরস্কারের জন্য বিবেচিত টিভি প্রতিবেদনের ক্ষেত্রে ক্যামরাম্যানের বিশেষ ভূমিকা থাকলে সেক্ষেত্রে বিচারকমন্ডলীর সুপারিশের আলোকে তাঁকেও সম্মাননা দেয়া হবে। দুর্নীতি বিষয়ক অনুসন্ধানী সাংবাদিকতা পুরস্কারের বিস্তারিত তথ্য জানতে দেখুন টিআইবি'র ওয়েবসাইট [www.ti-bangladesh.org](http://www.ti-bangladesh.org)

প্রতিবেদন জমা দেওয়ার শেষ তারিখ: ৩১ মার্চ ২০১০

আউটরিচ এন্ড কমিউনিকেশন বিভাগ, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ  
বাড়ী -১৪১ (২য় তলা), সড়ক -১২, ব্লক ই, বনানী, ঢাকা -১২১৩।  
ফোন: ৯৮৮৭৮৮৪, ৮৮৫৪৪৫৬, ই-মেইল: [advocacy@ti-bangladesh.org](mailto:advocacy@ti-bangladesh.org)

